



সংবাদ বিজ্ঞপ্তি:

কাঁকড়া চাষীদের নিয়ে দিনব্যাপী মাঠ দিবস অনুষ্ঠিত

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) মৎস্য ও সামুদ্রিক বিজ্ঞান বিভাগ কাঁকড়া চাষীদের নিয়ে দিনব্যাপী মাঠ দিবস করেছে। আজ শুক্রবার (১৮ অক্টোবর ২০২৪) কক্সবাজার জেলার চৌফলদণ্ডীতে প্রায় ৬০ জন কাঁকড়া চাষীর অংশগ্রহণে দিনব্যাপী এ মাঠ দিবস অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নোবিপ্রবির মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।

অনুষ্ঠানে প্রধান অতিথি নোবিপ্রবি উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বলেন, গবেষণা ও সম্প্রসারণ কর্মীদের এ ধরনের যৌথ প্রচেষ্টায় কাঁকড়া চাষের মাধ্যমে উপকূলীয় জনগোষ্ঠীর ভাগ্য উন্নয়ন ঘটবে। এছাড়াও এর মাধ্যমে বাংলাদেশের মানুষ অধিক বৈদেশিক মুদ্রা অর্জন করতে পারবে এবং নিজেদের খাদ্য ও পুষ্টির চাহিদা মেটাতে পারবে।

প্রকল্পের প্রধান গবেষক ড. আব্দুল্লাহ আল মামুনের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন সাসটেইনেবল কোস্টাল মেরিন ফিসারিজ প্রকল্পের পরিচালক জনাব জিয়া হায়দার চৌধুরী, কক্সবাজার জেলার জেলা মৎস্য কর্মকর্তা জনাব মোঃ বদরুজ্জামান ও প্রকল্পের উপ-পরিচালক ড. মোহাম্মদ শরিফুল আজম। স্বাগত বক্তব্য রাখেন চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিমেল সায়েন্স বিশ্ববিদ্যালয়ের সহযোগী অধ্যাপক ড. মুহাম্মদ আসাদুজ্জামান। অনুষ্ঠান শেষে স্থানীয় খামারে উৎপাদিত কাঁকড়ার আংশিক আহরণ অনুষ্ঠিত হয়।

উল্লেখ্য, কক্সবাজার ও সাতক্ষীরার প্রায় ১০০ জন চাষী গত এক বছর ধরে কাঁকড়া চাষ করে সফলতার মুখ দেখেছেন। এই গবেষণায় হ্যাচারীর পোনা দিয়ে কাঁকড়ার লালন পালন এবং নতুন সম্পূরক খাবার তৈরি করে তা দিয়ে লালন পালন করা হয়। মৎস্য অধিদপ্তরের আওতায় সাসটেইনেবল কোস্টাল মেরিন ফিসারিজ প্রজেক্ট এর অর্থায়নে নোবিপ্রবির মৎস্য ও সামুদ্রিক বিজ্ঞান বিভাগ বাংলাদেশের কক্সবাজার ও সাতক্ষীরার উপকূলে এই গবেষণা পরিচালনা করছে।

ইফতেখার হোসাইন

সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)

মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪